৫.২.১ ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী কোন শিক্ষার্থী সংশ্লিষ্ট পর্বে যে কোন এক/দুই/তিন বিষয়ে তাত্ত্বিক/ব্যবহারিক সমাপনী অংশে অকৃতকার্য হলে উক্ত শিক্ষার্থীর পরবর্তী পর্বে সাময়িকভাবে প্রদেয় অধ্যয়নের সুযোগ অব্যহত থাকবে এবং উক্ত শিক্ষার্থী নিয়মিত শিক্ষার্থী হিসেবে অধ্যয়নের সুযোগ পাবে। এরূপ শিক্ষার্থী নিয়মিত পর্বের চূড়ান্ত/পর্ব সমাপনী পরীক্ষার সাথে প্রতি পর্বের কেন্দ্র ফিসহ বোর্ডের নির্ধারিত ফি দিয়ে ফরম পূরণ করে সংশ্লিষ্ট পর্বের সকল বিষয়ের সাথে পূর্ববর্তী পর্বের সকল অকৃতকার্য বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে উত্তীর্ণ হলে প্রাপ্ত নম্বর বিবেচনা করে সংশ্লিষ্ট পর্বের ফলাফল নির্ধারণ করা হবে;

৫.২.২ ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বের পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী কোন শিক্ষার্থী সংশ্লিষ্ট পর্বে চার বা ততোধিক বিষয়ে তাত্ত্বিক/ব্যবহারিক সমাপনী অংশে অকৃতকার্য হলে সংশ্লিষ্ট পর্বে অনুত্তীর্ণ ঘোষণা করা হবে এবং পরবর্তী পর্বে সাময়িকভাবে অধ্যয়নের প্রদেয় সুযোগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। এরূপ অনুত্তীর্ণ শিক্ষার্থীরা অকৃতকার্য বিষয়সমূহের পরীক্ষা রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে বোর্ড নির্ধারিত ফি প্রদানপূর্বক ফরম পূরণ করে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরবর্তী পর্ব/পর্বসমূহের পর্ব সমাপনী পরীক্ষার সাথে অংশগ্রহণ করতে পারবে। এসকল পরীক্ষার্থী পরবর্তী সংশ্লিষ্ট পর্বের ক্লাস শুরুর ০২ (দুই) সপ্তাহের মধ্যে প্রতিষ্ঠানে পুনঃভর্তির মাধ্যমে সাময়িকভাবে অধ্যয়নের সুযোগ পাবে। তবে এসকল শিক্ষার্থীদের নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় ফি প্রদান সাপেক্ষে বোর্ড কর্তৃক পুনঃভর্তির অনুমোদন নিতে হবে। এ পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণ হলে তার প্রাপ্ত নম্বর বিবেচনা করে সংশ্লিষ্ট পর্বের ফলাফল নির্ধারণ করা হবে;

৫.২.৩ কোন শিক্ষার্থী ৭ম পর্বের বিষয়সমূহের পরীক্ষায় চার বা ততোধিক বিষয়ে তাত্ত্বিক/ব্যবহারিক সমাপনী অংশে অকৃতকার্য হলেও উক্ত শিক্ষার্থীর সাময়িকভাবে পরবর্তী পর্বে প্রদেয় অধ্যয়নের সুযোগ অর্থাৎ ৮ম পর্বের ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং অব্যহত থাকবে। সংশ্লিষ্ট ৮ম পর্বের ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিংএর পর্ব সমাপনী পরীক্ষার সাথে ৭ম পর্বসহ অন্যান্য পর্বের তাত্ত্বিক/ব্যবহারিক অংশের অকৃতকার্য বিষয়সমূহের বোর্ডের নির্ধারিত ফিসহ কেন্দ্র ফি দিয়ে অংশগ্রহণের সুযোগ পাবে। এ পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়/বিষয়সমূহে উত্তীর্ণ হলে প্রাপ্ত নম্বর বিবেচনা করে সংশ্লিষ্ট পর্বের ফলাফল নির্ধারণ করা হবে;

৫.৩ উপরোক্ত ৫.২.২ ধারায় বর্ণিত কোন শিক্ষার্থী ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম/৬ষ্ঠ পর্বে এক/দুই/তিন বিষয়ে তাত্ত্বিক/ব্যবহারিক অংশে অকৃতকার্য হলে উক্ত শিক্ষার্থীর পরবর্তী পর্বে সাময়িকভাবে দেয়া প্রদেয় অধ্যয়নের অনুমতি অব্যাহত থাকবে এবং এরূপ ক্ষেত্রে প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট পর্বের ক্লাস শুরুর দুই সপ্তাহের মধ্যে বোর্ড হতে তাদের পুনঃভর্তির অনুমোদন নিতে হবে এবং তাদের ক্ষেত্রে ধারা ৫.২.১ প্রযোজ্য হবে। উল্লেখ্য থাকে যে, চার বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হলে সাময়িকভাবে দেয়া অধ্যয়নের অনুমতি বাতিল বলে গণ্য হবে এবং এরূপ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট পর্বে অনুত্তীর্ণ ঘোষণা করা হবে;

৫.৪ কোন শিক্ষার্থী ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম/৬ষ্ঠ/৭ম পর্ব সমাপনী পরীক্ষায় তাত্ত্বিক/ব্যবহারিক অংশে অনধিক তিন বিষয়ে অকৃতকার্য হলেও ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং-এ অংশগ্রহণের সুযোগ পাবে। সে ক্ষেত্রে উক্ত শিক্ষার্থী ৮ম পর্ব সমাপনী পরীক্ষায় পূর্ববর্তী পর্ব/পর্বসমূহের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে প্রতি পর্বের কেন্দ্র ফিসহ নির্ধারিত ফি দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং-এ উত্তীর্ণ হলেও ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম/৬ষ্ঠ/৭ম পর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে কৃতকার্য না হওয়া পর্যন্ত ৮ম পর্বের চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে না। উল্লেখ্য, যে সালে অনুষ্ঠিতব্য পরীক্ষায় সকল বিষয়ে কৃতকার্য হবে, সে সাল উত্তীর্ণ সাল হিসেবে বিবেচিত হবে;

৫.৫ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং-এ উত্তীর্ণ হলেও যদি ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম/৬ষ্ঠ/৭ম পর্বের কোন বিষয়/বিষয়সমূহে অকৃতকার্য থাকে তবে প্রতি পর্বের কেন্দ্র ফিসহ বোর্ডের নির্ধারিত ফি দিয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উক্ত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ফলাফল নির্ধারিত হবে;

৫.৬ কোন শিক্ষার্থী ৮ম পর্বে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং এ ধারাবাহিক/সমাপনী পরীক্ষার মূল্যায়নে অকৃতকার্য হলে উক্ত শিক্ষার্থীকে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং-এ অনুত্তীর্ণ ঘোষণা করা হবে। এক্ষেত্রে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং-এর ব্যবহারিক ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য হলে আসন্ন পর্বে নিজ খরচে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং গ্রহণ করে অনিয়মিত শিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষায় অকৃতকার্য হলে আসন্ন পর্বের সমাপনী পরীক্ষার সাথে শুধুমাত্র ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;

৫.৭ কোন শিক্ষার্থী কোন পর্বে উত্তীর্ণ হওয়ার পর পরবর্তী পর্বে অধ্যয়ন করা থেকে বিরত থাকলে ঐ শিক্ষার্থী যে পর্বে অধ্যয়ন করা থেকে বিরত রয়েছে পরবর্তী সংশ্লিষ্ট পর্বে ধারাবাহিকভাবে পরপর সর্বোচ্চ দু'বার রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পুনঃভর্তি হয়ে অধ্যয়ন করার সুযোগ পাবে। এক্ষেত্রে তাকে বোর্ডে সংযোগ রক্ষাকারী ফি প্রদান করতে হবে। সেমিস্টার আরম্ভের ০২ (দুই) সপ্তাহের মধ্যে পুনঃভর্তি সম্পন্ন করে বোর্ডকে অবহিত করতে হবে;

৫.৮ কোন অনিয়মিত পরীক্ষার্থী ধারাবাহিকভাবে বা পর্যায়ক্রমে বোর্ড পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে নির্ধারিত ফি প্রদান করে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ হতে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পূর্বানুমতি নিতে হবে।

24/08/22